দৈনিক বাংলা

তারিখ 29 NOV 1992
পৃষ্ঠা ৫ কলাম ১

১৪

# পেশাগত প্রশিক্ষণের ব্যাপক কর্মসূচী চাই

দেশের সার্বিক উন্নয়নে সময়োপযোগী সঠিক সিদ্ধান্ত গ্রহণ ও তা বাস্তবায়নের লক্ষ্যে পেশাগত মান উন্নয়ন ও দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ অপরিহার্য ও গুরুত্বপূর্ণ। সে জন্য ব্যবস্থাপনার বিভিন্ন স্তরে নিয়োজিত কর্মকর্তা, কর্মচারী ও গণ-প্রতিনিধিদের প্রশিক্ষণ আবশ্যক।

এ উদ্দেশ্যে স্থাপিত ঢাকা, চট্টগ্রাম ও খুলনার ব্যবস্থাপনা উন্নয়ন কেন্দ্র, কুমিল্লার পল্লী উন্নয়ন কেন্দ্র এবং সাভারে অবস্থিত বাংলাদেশ লোক–প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র উল্লেখযোগ্য ভূমিকা পালন করে যাচ্ছে। এছাড়া, ঢাকা নীলক্ষেতে গবেষণা ও উন্নয়ন একাডেমী, শাহবাগে বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশিক্ষণ একাডেমী প্রভৃতির পাশাপাশি বেশ কিছু এনজিও বিভিন্ন বিষ-য়ের ওপর প্রতিনিধিদের প্রশিক্ষণ দিচ্ছে।

এইসব প্রশিক্ষণ কেন্দ্রে দেশের উন্নয়ন পরিকল্পনার সাথে জড়িত গুরুত্বপূর্ণ ব্যক্তি ও গণপ্রতিনিধি যেমন ইউনিয়ন ও পৌর চেয়ারম্যান, ওয়ার্ড কমিশনার, সিটি কর্পোরেশনের মেয়র, সংসদ সদস্য ও শ্রমিক প্রতিনিধিদের প্রশিক্ষণের উল্লেখ-যোগ্য কোন প্রশিক্ষণ কর্মসূচীর ব্যবস্থা নেই।

এই প্রেক্ষিতে পেশাগত মান–উন্নয়ন ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে উন্নয়ন বিজ্ঞান, অর্থ-নীতি, সমাজবিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান, লোক–প্রশাসন, আইন, পরিসংখ্যান প্রভৃতি বিষ-য়ের সমন্বয়ে স্বল্প ও দীর্ঘমেয়াদী প্রশিক্ষণ কর্মসূচী গ্রহণ ও বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান, বিভাগ ও মন্ত্রণালয়ের প্রতি আবেদন জানাচ্ছি।

–এ বি এম গোলাম মোস্তফা (রেনু)
সহ–সভাপতি, শ্রমিক লীগ
বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরী লিঃ
জয়দেবপুর, গাজীপুর